ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ (আইসিএমএল)

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)
- এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ – জুন ৩০, ২০২০

# সূচিপত্র


উপক্রমণিকা ........................................................................................................ ৩

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................ ৪-৫

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি ................................................. ৬

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .................................................... ৭-৯

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms) ................................................................... ১১

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................... ১২

**সংযোজনী ৩:** কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা ........ ১৩

## উপক্রমণিকা (Preamble)

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল)

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the performance of ICB Capital Management Limited)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

➢ **সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

১. নিজস্ব পত্রকোষের মাধ্যমে সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগ ৯২.০০ কোটি টাকা;

২. নিজস্ব পত্রকোষ ব্যবস্থাপনার মাধ্যমে সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগে ভূমিকা রাখার পাশাপাশি লক্ষ্যমাত্রার বিপরীতে ১০০% মূলধনী মুনাফা অর্জন;

৩. বিগত ৩ বছরে ৯৭৪ টি নতুন নন-ডিসক্রিশনারী বিনিয়োগ হিসাব খোলার পাশাপাশি ব্যবসা সম্প্রসারণের অংশ হিসেবে ডিসক্রিশনারী ইনভেস্টরস্ অ্যাকাউন্টস্ সেবা চালু করা হয়েছে;

৪. হোল্ডিং কোম্পানির দেনা-পাওনা পরিশোধে নিয়মিতভাবে আসল এবং সুদ পরিশোধের পাশাপাশি রাইট শেয়ার ইস্যুর মাধ্যমে স্বল্প মেয়াদী ঋণের পরিমাণ হ্রাসকরণ;

৫. মার্জিন ঋণের বিপরীতে প্রভিশন ঘাটতি সম্পূর্ণরূপে পূরণকরণ;

৬. পুঁজিবাজারে গতিশীলতা বৃদ্ধিতে নিম্নোক্ত সেবা/স্কিম চালুকরণ:

**ক)** নিজস্ব উদ্যোগে নির্ধারিত সময়ে আরোপিত সুদের ৮০% মওকুফ সুবিধার আওতায় ৩১৯৬টি বিনিয়োগ হিসাবে ৯৪.৬০ কোটি টাকা এবং সর্বোচ্চ ১০০% সুদ মওকুফ সুবিধার আওতায় ৩৮০৪টি বিনিয়োগ হিসাবে মোট ১১১.০৭ কোটি টাকা রিবেট সুবিধা প্রদান;

**খ)** বিনিয়োগ হিসাব খোলার জন্য ন্যুনতম আমানত ১০,০০০.০০ টাকা হতে কমিয়ে ৫,০০০.০০ টাকা, মার্জিন ঋণের বিপরীতে সুদের হার ১৫% থেকে ১৪%-এ নির্ধারণ, পত্রকোষ ব্যবস্থাপনা ফি ১% থেকে কমিয়ে ০.৫০% এবং শেয়ার ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে ব্রোকারেজ কমিশন ০.৪০% হতে কমিয়ে ০.৩৫% নির্ধারণ;

**গ)** বিনিয়োগ হিসাবধারীগণকে পরিপূর্ণ অনলাইন সেবা প্রদান।

৮. বিগত তিন বছরে মোট ৯৬ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান;

৯. আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ এর ৬০০.০০ কোটি টাকা বন্ডের ট্রাস্টি, অগ্রণী ব্যাংক লিঃ এর ৭০০.০০ কোটি এবং আইসিবি'র ২০০০.০০ কোটি টাকার বন্ডের ট্রাস্টি, আইআইডিএফসি এর ২০০.০০ কোটি টাকা বন্ডের ট্রাস্টি, ২৮ টি কোম্পানির মূলধন বৃদ্ধি সংক্রান্ত কাজে ইস্যু ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন এবং ১৬ টি কোম্পানির মোট ৩৯০.০০ কোটি টাকার আন্ডাররাইটিং-এ অংশগ্রহণ হিসেবে দায়িত্ব পালন।

➢ **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

✓ পুঁজিবাজারে ব্যাংক ও সমমানের আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্রমবর্ধমান প্রতিযোগীতা;

✓ বিভিন্ন নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে পুঁজিবাজারে ব্যাপক উত্থান পতন;

✓ বিনিয়োগ হিসাবে আমানত সংগ্রহ;

✓ বাজার পরিস্থিতির কারণে মার্জিন ঋণ আদায়ে প্রতিবন্ধকতা;

✓ উন্নত তথ্য প্রযুক্তির সাথে ধারাবাহিকতা না থাকা; ও

✓ বৈদেশিক প্রশিক্ষণ প্রাপ্তির সীমাবদ্ধতা।

➢ **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

- ব্যবসা সম্প্রসারণের অংশ হিসেবে Corporate Counseling, Project Counseling, Pre-investment studies, Capital Restructuring, Corporate Secretarial Services, Credit Syndication and Project Finance, Mergers & Acquisition, Fixed Deposit Broking, Venture Capital ব্যবসাসমূহ চালু করা;
- পুঁজিবাজারে স্থিতিশীলতা ও উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব প্রদান, বিনিয়োগ ক্ষেত্র সম্প্রসারণ ও বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে ক্ষুদ্র বিনিয়োগকারীদের মধ্যে বিভিন্ন রকমের প্রণোদনা ঘোষণা;
- বিভাগীয় ও গুরুত্বপূর্ণ বাণিজ্যিক শহরসমূহে পর্যায়ক্রমে শাখা চালুর পরিকল্পনা।

## ২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য অর্জনসমূহ

- ✓ সিকিউরিটিজের সরবরাহ বৃদ্ধির নিমিত্ত মৌলভিত্তি সম্পন্ন সরকারি ও বেসরকারি কোম্পানিসমূহকে পুঁজিবাজারে তালিকাভুক্তির জন্য উদ্বুদ্ধকরণ;
- ✓ নন-ফান্ডেড আয় হিসেবে ইস্যু ম্যানেজমেন্ট (সরকারি এবং বেসরকারি খাত), ট্রাস্টি এবং কাস্টডিয়ান কার্যক্রম জোরদারকরণপূর্বক আয় বৃদ্ধিকরণ;
- ✓ কোম্পানির নিজস্ব পোর্টফোলিওর মাধ্যমে সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগে ভূমিকা রাখার পাশাপাশি ৪৫.০০ কোটি টাকা মূলধনী মুনাফার লক্ষ্যমাত্রা অর্জন;
- ✓ ন্যুনতম একটি নতুন শাখা কার্যালয় চালুকরণের ব্যবস্থা গ্রহণ;
- ✓ হোল্ডিং কোম্পানিকে লভ্যাংশ প্রদান;
- ✓ গ্রাহক সেবা সহজীকরণ এবং অভ্যন্তরীণ কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমন্বিত MIS ব্যবস্থা উন্নতকরণ;
- ✓ মার্জিন ঋণ খাতে বিতরণ ও আদায় এর লক্ষ্যমাত্রা অর্জন;
- ✓ কর্মকর্তা/কর্মচারীদের কোম্পানির কার্যক্রম, শুদ্ধাচার, কর্পোরেট গভর্নেন্স এবং অন্যান্য বিধি-বিধান সংশ্লিষ্ট বিভিন্ন প্রশিক্ষন প্রদান;
- ✓ ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সুদ মওকুফ সুবিধা প্রদান চলমান রাখা;
- ✓ যে সকল মার্জিন বিনিয়োগ হিসাবে বিদ্যমান সম্পদ ঘাটতি অবস্থা হতে উত্তরন সম্ভব নয়, সে সকল মার্জিন হিসাবে অনাদায়ী মার্জিন ঋণ অবলোপন করে বিনিয়োগ হিসাবসমূহ অবসায়ন করার পদক্ষেপ গ্রহণ; এবং
- ✓ বিনিয়োগকারীদের ফিন্যান্সিয়াল লিটারেসি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিনিয়োগ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিতে সহায়তা করা।

## সেকশন-১

## আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ (আইসিএমএল)-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

সুষ্ঠু ব্যবসায়িক নীতি এবং আদর্শের ভিত্তিতে শীর্ষস্থানীয় মার্চেন্ট ব্যাংকার হিসেবে সফল ও অনুকরণীয় সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে ওঠা।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

পুঁজিবাজারে ক্রমাগত প্রতিকূলতা দূরীকরণের মাধ্যমে গ্রাহক বান্ধব দক্ষ মার্চেন্ট ব্যাংকিং সেবা প্রদানের দ্বারা নিজেকে একটি শীর্ষস্থানীয় সার্থক মার্চেন্ট ব্যাংকিং প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ

- বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ, সঞ্চয় সংগ্রহ এবং মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে কার্যকর পুঁজিবাজার উন্নয়ন;
- ঋণের মান উন্নয়ন;
- ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণ;
- অভ্যন্তরীণ প্রযুক্তি ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে কর্মদক্ষতা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী (Function):

- ✓ শেয়ার, ডিবেঞ্চার, বন্ড, আইপিও, রিপিট পাবলিক অফারিং ও রাইট শেয়ার ইস্যুতে আন্ডাররাইট করা;
- ✓ ইস্যু ম্যানেজমেন্ট;
- ✓ ইস্যুয়ার ও বিনিয়োগকারীগণকে আর্থিক পুনর্গঠন/পুনর্বিন্যাস এবং কর্পোরেট অ্যাডভাইজরি সার্ভিসসহ অন্যান্য পরামর্শ প্রদান করা;
- ✓ ইক্যুইটি পার্টিসিপেশনসহ প্লেসমেন্ট শেয়ার ও ডিবেঞ্চার ক্রয় করা;
- ✓ সরকারের বিরাষ্ট্রীয়করণ কর্মসূচীতে পরামর্শ সেবা প্রদান করা;
- ✓ লিয়েন/অ্যাপ্রাইজাল ব্যাংক হিসেবে ইইএফ/ইএসএফ ফান্ড সম্পর্কে বিভিন্ন কোম্পানিকে পরামর্শ সেবা প্রদান করা;
- ✓ বিনিয়োগ (নন-ডিসক্রেশনারি ও ডিসক্রেশনারি) স্কিমের অধীনে বিনিয়োগ হিসাব পরিচালনা করা;
- ✓ পুঁজিবাজার সংশ্লিষ্ট অন্যান্য কার্যাবলী সম্পাদন।

<u>সেকশন-২</u>

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

### ক) দফতর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট মান-৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনের সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | প্রকৃত অর্জন ২০১৮-১৯ (মার্চ, ২০১৯ পর্যন্ত)* | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (১) বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ, সঞ্চয় সংগ্রহ এবং মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে কার্যকর পুঁজিবাজার উন্নয়ন। | ৫৬ | (১.১) পুঁজিবাজারে সিকিউরিটিজের চাহিদা ও যোগানের ভারসাম্য রক্ষায় সহায়তাকরণ | (১.১.১) বিনিয়োগের পরিমাণ (নিজস্ব পোর্টফোলিও) | কোটি টাকা | ৫ | ১১৭.৯৫ | ৭৩.৭৫ | ১১০.০০ | ১০৫.০০ | ১০০.০০ | ৯৮.০০ | ৮০.০০ | ১২০.০০ | ১২৫.০০ |
| | | | (১.১.২) বিনিয়োগ হিসাবের মাধ্যমে বিনিয়োগকারীগণের বিনিয়োগ (ইক্যুইটি ও মার্জিন ঋণসহ) | কোটি টাকা | ৫ | - | - | ৭০০.০০ | ৬৮০.০০ | ৬৬০.০০ | ৬৪০.০০ | ৬২০.০০ | ৭২৫.০০ | ৭৫০.০০ |
| | | | (১.১.৩) স্টক এক্সচেঞ্জসমূহে লেনদেনের পরিমাণ | কোটি টাকা | ৭ | ---- | ৮৮৮.০০ | ১১৫০.০০ | ১১০০.০০ | ১০৫০.০০ | ১০০০.০০ | ৯৫০.০০ | ১২০০.০০ | ১৩৫০.০০ |
| | | (১.২) বিনিয়োগকারীর সংখ্যা বৃদ্ধি | (১.২.১) নতুন বিও/ বিনিয়োগ হিসাব খোলা | সংখ্যা | ৭ | ২৮৮ | ২৯৯ | ৪০০ | ৩৭০ | ৩৫০ | ৩২০ | ৩০০ | ৪৩০ | ৪৫০ |
| | | (১.৩) মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা | (১.৩.১) ইস্যু ম্যানেজমেন্ট | সংখ্যা | ৯ | ১৩ | ৬ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৩ |
| | | | (১.৩.২) আন্ডাররাইটিং | সংখ্যা | ৯ | ৫ | ৫ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ১০ | ১১ |
| | | (১.৪) বিনিয়োগে ঋণ সহায়তাকরণ | (১.৪১.) বিতরণকৃত মার্জিন ঋণ | কোটি টাকা | ৭ | ৫৯৬.২৩ | ৩৮১.৭৭ | ৪৭৯.০০ | ৪৭০.০০ | ৪৬৫.০০ | ৪৬০.০০ | ৪৫০.০০ | ৬০০.০০ | ৬৫০.০০ |
| | | (১.৫) ঋণ আদায় | (১.৫.১) আদায়কৃত মার্জিন ঋণ | কোটি টাকা | ৭ | ৭০৯.৪৫ | ৪১৫.৭৬ | ৫০৩.০০ | ৪৯০.০০ | ৪৭০.০০ | ৪৫০.০০ | ৪২০.০০ | ৬৫০.০০ | ৬৮০.০০ |
| (২) ঋণের মান উন্নয়ন। | ৯ | (২.১) শ্রেণিকৃত ঋণ আদায় | (২.১.১) আদায়কৃত ঋণের পরিমাণ | কোটি টাকা | ৯ | ৩৮.৫৯ | ৪৪.১০ | ৫০.০০ | ৪৫.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ৩০.০০ | ৭০.০০ | ৮০.০০ |
| (৩) ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণ। | ১০ | (৩.১) প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ | (৩.১.১) সংরক্ষিত প্রভিশনের হার | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| (৪) অভ্যন্তরীণ প্রযুক্তি ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে কর্মদক্ষতা ও গ্রাহক সেবার মান বৃদ্ধি। | ৫ | (৪.১) সমন্বিত MIS ব্যবস্থাপনা উন্নয়ন | (৪.১.১) ডিজাইন চূড়ান্তকরণ, চিহ্নিত ডিপার্টমেন্টসমূহের আন্ত:সমন্বিত মডিউল উন্নয়ন | তারিখ | ৫ | | | ১০.০৬.২০ | ১৫.০৬.২০ | ২০.০৬.২০ | ২৫.০৬.২০ | ৩০.০৬.২০ | | |

* সাময়িক

# মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

## (মোট নম্বর- ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ ( Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান ( Fair ) | চলতি মানের নিম্নে ( Poor ) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই ২০১৯ | ২৯ জুলাই ২০১৯ | ৩০ জুলাই ২০১৯ | ৩১ জুলাই ২০১৯ | ০১ আগস্ট ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারি ২০২০ | ১৬ জানুয়ারি ২০২০ | ১৭ জানুয়ারি ২০২০ | ২০ জানুয়ারি ২০২০ | ২১ জানুয়ারি ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১.০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর ২০১৯ | ১৫ জানুয়ারি ২০২০ | ০৭ ফেব্রুয়ারি ২০২০ | ১৭ ফেব্রুয়ারি ২০২০ | ২৮ ফেব্রুয়ারি ২০২০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ ( Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান ( Fair ) | চলতি মানের নিম্নে ( Poor ) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১.০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১.০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১.০ | ১১ মার্চ ২০২০ | ১৮ মার্চ ২০২০ | ২৫ মার্চ ২০২০ | ০১ এপ্রিল ২০২০ | ০৮ এপ্রিল ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন জারী করা | [২.৩.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়ন পত্র জারীকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১.০ | ১৬ আগস্ট ২০১৯ | ২০ আগস্ট ২০১৯ | ২৪ আগস্ট ২০১৯ | ২৮ আগস্ট ২০১৯ | ৩০ আগস্ট ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০২০ | ১১ ফেব্রুয়ারি ২০২০ | ১৮ ফেব্রুয়ারি ২০২০ | ২৫ ফেব্রুয়ারি ২০২০ | ০৪ মার্চ ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, আইসিবির ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

---------------------

প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্বে)
আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

তারিখ...19.06.19..........

---------------------

ব্যবস্থাপনা পরিচালক
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

তারিখ...১৯/০৬/২০১৯...

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১. | আইসিবি | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| ২. | আইসিএমএল | আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ |
| ৩. | বিএসইসি | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন |
| ৪. | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পুঁজিবাজারে সিকিউরিটিজের চাহিদা ও যোগানের ভারসাম্য রক্ষায় সহায়তাকরণ | বিনিয়োগের পরিমাণ (নিজস্ব পোর্টফোলিও) | ১১০.০০ কোটি টাকা বিনিয়োগের প্রচেষ্টা গ্রহণ। | পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট | কোটি টাকায়, বার্ষিক প্রতিবেদন এবং কোম্পানির হিসাব বিবরণী | ................ |
| | | বিনিয়োগকারীগণের বিনিয়োগ (ইক্যুইটি ও মার্জিন ঋণসহ) | ৭০০.০০ কোটি টাকা বিনিয়োগের প্রচেষ্টা গ্রহণ। | ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট | কোটি টাকায়, বার্ষিক প্রতিবেদন এবং কোম্পানির হিসাব বিবরণী | ................ |
| | | স্টক এক্সচেঞ্জসমূহে লেনদেনের পরিমাণ | ১১৫০.০০ কোটি টাকা লেনদেনের প্রচেষ্টা গ্রহণ। | ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট এবং পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট | কোটি টাকায় এবং বার্ষিক প্রতিবেদন | ................ |
| ২ | বিনিয়োগকারীর সংখ্যা বৃদ্ধি | নতুন বিও/বিনিয়োগ হিসাব খোলা | ৪০০টি বিনিয়োগ হিসাব খোলার প্রচেষ্টা গ্রহণ। | ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট এবং শাখাসমূহ | সংখ্যায় এবং বার্ষিক প্রতিবেদন | ................ |
| ৩ | মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রম | ইস্যু ম্যানেজমেন্ট<br>আন্ডাররাইটিং | ১০টি কোম্পানির ইস্যু ব্যবস্থাপনা কার্যক্রম এবং ৯টি কোম্পানির অবলেখন সহায়তা প্রদানের প্রচেষ্টা গ্রহণ। | আন্ডাররাইটিং এন্ড ইস্যু ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট | সংখ্যায় এবং বার্ষিক প্রতিবেদন | ................ |
| ৪ | বিনিয়োগে ঋণ সহায়তাকরণ | বিতরণকৃত মার্জিন ঋণ | ঋণ ও অগ্রিম খাতে ৪৭৯.০০ কোটি টাকা বিতরণ এবং ৫০৩.০০ কোটি টাকা আদায়ের চেষ্টা অব্যাহত রাখা। | ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট এবং শাখাসমূহ | কোটি টাকায়, বার্ষিক প্রতিবেদন এবং কোম্পানির হিসাব বিবরণী | ................ |
| ৫ | ঋণ আদায় | আদায়কৃত মার্জিন ঋণ | | | | |
| ৬ | শ্রেণিকৃত ঋণ আদায় | আদায়কৃত ঋণের পরিমাণ | শ্রেণিকৃত ঋণ ও অগ্রিম খাতে ৫০.০০ কোটি টাকা আদায়ের প্রচেষ্টা গ্রহণ। | ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট এবং শাখাসমূহ | কোটি টাকায়, বার্ষিক প্রতিবেদন এবং কোম্পানির হিসাব বিবরণী | ................ |
| ৭ | প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ | সংরক্ষিত প্রভিশনের হার | ১০০% প্রভিশনের হার যথাযথভাবে সংরক্ষণের প্রচেষ্টা গ্রহণ। | ফাইন্যান্স এন্ড অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট | শতকরা হিসেবে এবং বার্ষিক প্রতিবেদন | ................ |
| ৮ | সমন্বিত MIS ব্যবস্থাপনা উন্নয়ন | ডিজাইন চূড়ান্তকরণ, চিহ্নিত ডিপার্টমেন্টসমূহের আন্ত:সমন্বিত মডিউল উন্নয়ন*** | গ্রাহক সেবা সহজীকরণ এবং অভ্যন্তরীণ কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমন্বিত MIS ব্যবস্থা উন্নতকরণ। | কম্পিউটার ডিপার্টমেন্ট এবং শাখাসমূহ | তারিখ হিসেবে এবং বার্ষিক প্রতিবেদন | ................ |

*** ১। MIS Development Working Groupকর্তৃক MIS ডিজাইন চূড়ান্তকরণ;

২। MIS ডিজাইন অনুযায়ী Requirement Analysis;

৩। তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণে লক্ষ্যে Department সমূহ চিহ্নিতকরণ;

৪। চিহ্নিতকৃত Department সমূহের কার্যাবলীর Automation প্রক্রিয়া নির্ধারণ; এবং

৫। পর্যায়ক্রমে প্রতিটি Department সমূহ হতে Automated তথ্য প্রাপ্তির জন্য প্রয়োজনীয় Module তৈরীকরণ।

সংযোজনী-৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| | | | | | |